

## ইবাদের উদ্ভাবিত জ্যামিতি বক্স শিশু শিক্ষার উপযোগী

স্টাফ রিপোর্টার, যশোর অফিস ॥ শিশু শিক্ষা ও আনন্দ ওতপ্রোতভাবে জড়িত। শিশুর গ্রহণ উপযোগী আনন্দঘন পরিবেশে শিক্ষাদানই হলো প্রকৃত শিক্ষা। আর এই শিশু শিক্ষায় সৃজনশীলতা নিয়ে নীরবে নিভূতে কাজ করে চলেছেন যশোরের এক কৃতিসন্তান ইবাদ আলী। নামের পূর্বে কৃষিবিদ যোগ করা থাকলেও তিনি একজন শিক্ষাবিদ ও গবেষক। গণশিক্ষা ও শিশু শিক্ষার মডেল, শিশুতোষ পাঠ্য বইয়ের পর এবার তিনি উদ্ভাবন করেছেন শিশুদের জন্যে বিশেষায়িত জ্যামিতি বক্স। লাল সবুজের পতাকার রঙে আয়তাকার এই জ্যামিতি বক্স থেকে শিশুরা খেলার ছলে জ্যামিতি, অংকসহ বাংলা ইংরেজি বর্ণমালাও শিখতে পারবে। সাধারণ জ্যামিতি বক্সে কাঁটা কম্পাস, চাঁদা, ছোট ফ্লেল ও কিছু ত্রিভুজ থাকে। এসব উপকরণ ব্যবহার করতে শিক্ষার্থীদের মুখস্থ বিদ্যার ওপর নির্ভর করতে হয়। এতে শিশুদের চিন্তাজগতের বিকাশ, ভাষাগত ও দক্ষতার উন্নয়ন সম্ভব নয় বলে মনে করেন ইবাদ আলী। শিশুদের সৃজনশীল ভাবনার জগতকে সম্প্রসারিত করতে তিনি যে জ্যামিতি বক্স উদ্ভাবন করেছেন তাতে আছে বিশেষ মাপের ২২টি কাঠি। এটিই জাদুর কাঠি হয়ে ব্যবহৃত হবে শিখন পদ্ধতিতে। খেলার ছলে এই কাঠি ঘুরিয়ে ফিরিয়ে ব্যবহার করেই শিশুরা নিজেদের সুপ্ত মেধার বিকাশ ঘটানোর পাশাপাশি রঙ করবে জ্যামিতির নানা অনুষ্ণ। বিন্দু, রেখা, সরল রেখা, বক্ররেখা, সমান্তরাল রেখা, তীর, ভেক্টর রেখা, কোণ, সমকোণ, সূক্ষ্ম কোণ, স্থূল কোণ, প্রবিদ্ধ কোণ, একান্তর কোণ, অনুরূপ কোণ, বিপ্রতীপ কোণ, সরল কোণ, সন্নিহিত কোণ, পূরক কোণ, সম্পূরক কোণ, ত্রিভুজ, সমকোণী ত্রিভুজ, সূক্ষ্ম কোণী ত্রিভুজ, স্থূলকোণী ত্রিভুজ, সমবাহু ত্রিভুজ, সমদ্বিবাহু ত্রিভুজ, বিসমবাহু ত্রিভুজ, চতুর্ভুজ, বর্গ, রম্বস, আয়তক্ষেত্র, কর্ণ, সান্তরিক, ট্রাপিজিয়াম, বৃত্ত, কেন্দ্র, ব্যাস, ব্যাসার্ধ, ভূমি, লম্ব, অতিভুজ, বৃত্তচাপ বৃত্তের স্পর্শক, ছেদক, জ্যা নিজেরাই তৈরি করতে এবং সহজে মনে রাখতে পারবে। শুধু কি জ্যামিতি? এই কাঠি ব্যবহার করে শিশুরা বাংলা বর্ণমালার সব বর্ণ নিজেই খেলার মাধ্যমে তৈরি করতে পারবে। বাংলা এক থেকে নয় পর্যন্ত অংকগুলো লিখতে পারবে। এছাড়া যোগ বিয়োগ গুণ ভাগ এর ধারণা লাভ করবে। বাংলা বর্ণের পাশাপাশি ইংরেজি বর্ণমালার বর্ণগুলোও আরও ভালোভাবে শিখতে পারবে। বড়হাতের লেখাগুলো চমৎকারভাবে প্রদর্শন করবে আর ছোটহাতের লেখার বর্ণগুলো লিখতে আরও আনন্দ পাবে। সাদা খাতার ওপর আম, কলা, পাতা, ছাতা, মাছ, পাখি, কুলা, জগ, বালতি, রোবট, বাড়ি, আপেল আঁকতে পারবে।

**সাবধানবাণী:** বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

**কার্যালয়:** জনকণ্ঠ ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,  
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

**ফোন:** ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাফিং ২০ টি লাইন),  
**ফ্যাক্স:** ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
**ই-মেইল:** janakanthanews@gmail.com  
**ই-জনকণ্ঠ:** [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

**আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম):** মান্নান ভবন (দোতলা),  
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,